ঢাকা ওয়াসা

১। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
২। কোটেশন।
৩। কাজের প্রাক্কলন।

বিষয়ঃ মডস জোন-১ অফিসে ইন্টারনেট সংযোগ প্রদান প্রসঙ্গে।

১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১ এর আওতাধীন বিভিন্ন এলাকায় পানি সরবরাহ এবং পয়ঃ নিষ্কাশন কাজকর্ম দৈনন্দিন পরিচালনা করা হয়। নির্বাহী প্রকৌশলীর দপ্তরে উপ-বিভাগীয় প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, ইউডিএ, এলডিএ, ক্যাশিয়ার, ষ্টোর কিপার ও অন্যান্য লোকজন অফিসের কাজকর্ম সম্পন্ন করে থাকেন। অত্র অফিসে দৈনন্দিন অফিসিয়াল কাজকর্ম করার জন্য ইন্টারনেট প্রয়োজন যেমন ই-মেইল আদান প্রদান, পানি ও পয়ঃ লাইন সংযোগ, ডি-নথি, সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট, বিদ্যুৎ বিল প্রদান, টেন্ডার সম্পর্কিত সকল কাজ এবং বিল প্রদান ইত্যাদি। ইন্টারনেট না থাকার ফলে দৈনন্দিন সকল কাজকর্ম ব্যাহত হচ্ছে, সেজন্য জরুরী ভিত্তিতে অত্র অফিসে ইন্টারনেট সংযোগ প্রদান করা প্রয়োজন। সেই লক্ষ্যে বর্তমান বাজার দর অনুযায়ী ৩ (তিন) টি কোটেশন সংগ্রহ করা হয়েছে (ক্রঃ নং-২)। সংগৃহীত কোটেশনের সর্বনিম্ন দর অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হলো, যাতে প্রাক্কলিত টাকার পরিমান দাঁড়িয়েছে টাঃ ২৪,৫০০.০০ (চব্বিশ হাজার পাঁচশত) টাকা মাত্র (ক্রঃ নং-০৩ প্রাক্কলন)। বর্ণিত কাজের ব্যায়ভার মডস জোন-১ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-WR-02-1 এর Computer Maintenance খাত হতে নির্বাহ করা হবে। কাজ শেষে উক্ত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

২। এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে মডস জোন-১ অফিসে ইন্টারনেট সংযোগ প্রদান কাজটি পি.পি.আর-২০২৫ এর বিধি ১০০/১ এর অনুসরনে অত্র বিভাগের অনুকূলে সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদনের জন্য ৳ ২৪,৫০০.০০ (চব্বিশ হাজার পাঁচশত) টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। **প্রস্তাবিত কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।**

AE SE(MOD) EE

০৫/০৩/২০২৬
মোঃ মিজানুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা।

০৫/০৩/২০২৬
মোঃ মেহেদী হাসান
সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা।

০৫/০৩/২৬
মোঃ আনোয়ার হোসেন
নির্বাহী প্রকৌশলী
মডস, জোন-১
ঢাকা ওয়াসা

স্মারক নং-১৬৫/জোন-১
তাং- ০৫/০৩/২৬

০৫/০৩/২৬
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

CE

প্র। প্রস্তাব অনুমোদিত।

xen, zone 1

০৭/০৩/২০২৬
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।